



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
web: www.krishibank.org.bd
dgmpd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৫)/২০১৮-২০১৯/৩২৪২

তারিখ : ২৮.১১.২০১৮খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এর ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জনাব রুপায়ন বড়ুয়া (আর-১৫১৪) এর ভাইরাল এনকেপালাইটিস রোগের চিকিৎসার জন্য তার স্ত্রী মিসেস রুমি বড়ুয়া কর্তৃক মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়


শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এর ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জনাব রুপায়ন বড়ুয়া (আর-১৫১৪) এর স্ত্রী মিসেস রুমি বড়ুয়া মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে মানবিক সাহায্যের আবেদন করেছেন।

০২। আবেদনকারীর স্বামী জনাব রুপায়ন বড়ুয়া (আর-১৫১৪) বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে কর্মরত আছেন। জনাব রুপায়ন বড়ুয়া (আর-১৫১৪) ভাইরাল এনকেপালাইটিস রোগে আক্রান্ত হয়ে গত ২৭.১০.২০১৮খ্রিঃ তারিখ হতে চট্টগ্রাম সার্জিক্স হসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন রয়েছেন। সংশ্লিষ্ট কর্মচারী গত ০৩.১১.২০১৮খ্রিঃ তারিখ হতে লাইফ সাপোর্টে রয়েছেন মর্মে আবেদনকারী আবেদনে উল্লেখ করেছেন। বর্তমানে আর্থিক অসংগতির কারণে জনাব রুপায়ন বড়ুয়া (আর-১৫১৪) এর চিকিৎসা কার্যক্রম বিঘ্নিত হবার উপক্রম হয়েছে। বিধায় সংশ্লিষ্ট কর্মচারীর স্ত্রী মিসেস রুমি বড়ুয়া কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসাবে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর কাছে মানবিক সাহায্যের আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, উল্লেখিত আবেদনের পরিপ্রেক্ষিতে মানবিক বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের যার যার সাধ্যমত আর্থিক সাহায্য বাংলাদেশ কৃষি ব্যাংক, ফটিকছড়ি শাখা, বান্দরবান এ পরিচালিত আবেদনকারী জনাব রুমি বড়ুয়া এর সঞ্চয়ী হিসাব নং-১১৫৮২ তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


(এম. এ. রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নথি/অফিস নথি।